গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

বিষয়ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নাছিমা বেগম এনডিসি, সচিব |
| তারিখ ও সময়ঃ | : | ১২ সেপ্টেম্বর, ২০১৭, সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থানঃ | : | সম্মেলন কক্ষ (কক্ষ নং-৩২৩, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২। সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে সভাপতির সম্মতিক্রমে আগস্ট, ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর উক্ত কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

**আলোচনা:**

৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১০/০৭/২০১৪ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা এবং ০১/১১/২০১৫ তারিখে তাঁর 'কোন শিশু রাস্তায় ঘুমাবেনা' মর্মে ঘোষণার বাস্তবায়ন অগ্রগতি সভায় পর্যালোচনা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের ৭টি সিদ্ধান্ত সম্পূর্ণরূপ বাস্তবায়ন করা হয়েছে। অপর ৩টি সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিচে উল্লেখ করা হলঃ

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.১ | • শিশুদের উন্নয়নের জন্য ঢাকা শহরের ভাসমান পথশিশুদের জরিপ করে একটি তালিকা প্রস্তুত করতে হবে।<br>• 'কোন শিশু রাস্তায় ঘুমাবে না' মর্মে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা। | "পথশিশু ও ঝুঁকিতে থাকা শিশুদের পুনর্বাসন" শীর্ষক নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে। বিগত ২১.০৮.২০১৭ খ্রিঃ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি যাচাই বাছাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের ব্যয়ের যৌক্তিকতা সঠিকভাবে যাচাই করে পরবর্তী কার্যক্রম গ্রহণের নির্দেশনা দেন। | পথশিশু জরিপের রিপোর্ট মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। সভার সিদ্ধান্তের আলোকে দ্রুত ডিপিপি সংশোধন করে পেশ করতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প/ কার্যক্রম পরিচালক, পথশিশু পুনর্বাসন কার্যক্রম। |
| ৩.২ | মহিলা বিষয়ক অধিদপ্তরের ৩টি প্রকল্প- ১) কর্মজীবী মহিলা হোস্টেল (চট্টগ্রাম, রাজশাহী, খুলনা ও যশোর), ২) মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর দপ্তরের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ ও জেলা পর্যায়ে ৫টি কম্পিউটার প্রশিক্ষণ ইউনিট স্থাপন প্রকল্প, ৩) ভিজিডি-ইউ পি প্রকল্পের বাদপড়া জনবল রাজস্বখাতে স্থানান্তরের প্রস্তাব পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সভায় বলা হয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ আলোকে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য গত ০১/০৮/২০১৭ তারিখে মহিলা বিষয়ক অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর জানান যে, নির্ধারিত ছকে বিষয়টি নতুনভাবে পুনর্বিন্যাস করা হচ্ছে। ত্রিপক্ষীয় সভা আহবানের বিষয়ে ১১/০৯/২০১৭ তারিখে নথি উপস্থাপন করা হয়েছে। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ আলোকে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে। | • অতিঃসচিব (উঃ ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• উপসচিব(উঃ-২), মশিবিম।<br>• সহঃ সচিব (উঃ-১), মশিবিম। |

| ক্রমিক | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.৩ | বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সম্প্রসারণ ও অন্যান্য ভৌত সুবিধাদি বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র লিখতে হবে। | মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে সভায় জানান যে, বাংলাদেশ সচিবালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজ ডে-কেয়ার অফিসার নির্বাহী প্রকৌশলীর সাথে যোগাযোগের মাধ্যমে সম্পন্ন করছেন। ইতোমধ্যে কিছু কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট সংস্কার কাজ মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-১৮ অর্থ বছরের বাজেট থেকে সম্পন্নের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | মহিলা বিষয়ক অধিদপ্তরের ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট থেকে সচিবালয়ের শিশু দিবাযত্ন কেন্দ্রের সংস্কার কাজ সম্পন্ন করতে হবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• সহঃ সচিব (মবিঅ-১), মশিবিম। |

৪। সভায় মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। সংসদীয় স্থায়ী কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে নিয়মিতভাবে স্থায়ী কমিটিতে তথ্য উপস্থাপন করা হচ্ছে মর্মে সভায় জানানো হয়। নিম্নে মন্ত্রিপরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উল্লেখ করা হল:

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪.১ | <u>২১/৪/২০১৪ তারিখের বৈঠকঃ</u><br><br>মন্ত্রিসভা বৈঠকে বিগত <u>১৫/৮/১৯৭৫ হতে ৯/৪/১৯৭৯</u> পর্যন্ত এবং <u>২৪/৩/১৯৮২ হতে ১১/১১/১৯৮৬</u> পর্যন্ত সময়ের মধ্যে জারিকৃত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করে যে সব অধ্যাদেশ আবশ্যক বিবেচিত হবে সেগুলো স্টেকহোল্ডার ও সংশ্লিষ্ট সব মন্ত্রণালয়/বিভাগের মতামত গ্রহণ করে প্রযোজ্য ক্ষেত্রে সংশোধন ও পরিমার্জনক্রমে নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়ন করে যথাশীঘ্র সম্ভব মন্ত্রিসভা বৈঠকে উপস্থাপনের নির্দেশ দেয়া হয়। | (১) 'বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭' বিষয়ে অর্থ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামতের আলোকে খসড়া আইন সার-সংক্ষেপসহ নথিতে উপস্থাপন করা হয়েছে।<br><br>(২) যৌতুক নিরোধ আইন, ২০১৭ এর খসড়া ৩০/০১/২০১৭ তারিখে মন্ত্রিসভা কর্তৃক নীতিগত অনুমোদন দেয়া হয়েছে। মন্ত্রিসভার পর্যবেক্ষণ এবং লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক আইনের খসড়ার কয়েকটি ধারায় অস্পষ্টতা ও অসংগতি দূর করে গত ২৪/০৮/২০১৭ তারিখে ভেটিং এর জন্য লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। | (১) 'বাংলাদেশ শিশু একাডেমি আইন, ২০১৭ নীতিগত অনুমোদনের জন্য সার-সংক্ষেপসহ দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>(২)'যৌতুক নিরোধ আইন, ২০১৭' এর খসড়া ভেটিংয়ের বিষয়টি অনুসরণ করতে হবে। | • অতিঃ সচিব (শিশু), মশিবিম।<br>• উপ-সচিব(শিশু), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (শিশু), মশিবিম।<br><br>• উপ-সচিব (সেল), মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম। |
| ৪.২ | <u>১৬/২/২০১৫ তারিখের বৈঠকঃ</u><br>(ক) সকল মন্ত্রণালয়/বিভাগকে ই-টেন্ডারিং পদ্ধতি যথাযথভাবে অনুসরণের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া | (ক) সভায় জানানো হয় যে, মন্ত্রণালয়ে ই-টেন্ডার আহবান করা হয়েছে এবং প্রাপ্ত ই-টেন্ডারসমূহের কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যায়ে সভাপতি বলেন, প্রকল্পসমূহের যাবতীয় ক্রয় | (ক) প্রকল্প পরিচালকদের সিপিটিইউতে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার জন্য উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ থেকে ব্যবস্থা গ্রহণ | • অতিঃ-সচিব (প্রশাসন/ উ: ও পরিঃ), মশিবিম।<br>• উপ-প্রধান(পরি:) মশিবিম। |

| ক্রমিক | মন্ত্রিপরিষদ বৈঠকের সিদ্ধান্ত | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | হয়। | ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে। সেজন্য প্রকল্প পরিচালকদের সিপিটিইউতে প্রশিক্ষণের জন্য পত্র দিতে হবে।<br><br>(খ) সকল প্রকল্প পরিচালক এবং কর্মসূচী পরিচালকদের প্রশিক্ষণ প্রয়োজন মর্মে সভায় আলোচিত হয়। | করতে হবে। ২০১৭-২০১৮ অর্থবছরে প্রকল্পসহ মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয় ই-টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ শাখা থেকে প্রকল্প পরিচালক, উপ প্রকল্প পরিচালক, কর্মসূচী পরিচালকগণকে প্রকল্পের প্রস্তুতি, বাস্তবায়ন মনিটরিংসহ যাবতীয় বিষয়ে প্রশিক্ষণ দিতে হবে। | • সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম<br><br>• উপ-সচিব (প্রশিক্ষণ), মশিবিম |

## ৫। মন্ত্রণালয়ের বিবিধ বিষয়াবলিঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১ | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | • সভাপতি ই-ফাইলিং-এ সকল নথির নোট নিষ্পন্ন করায় ও পত্র জারি হওয়ায় প্রশাসন-১, বাজেট, মবিঅ-১ ও ২ শাখাকে ধন্যবাদ জানান। তিনি বলেন সেল শাখার মাধ্যমে ই-ফাইলিং-এ Paperless নথি উপস্থাপন শুরু করা হবে। তবে Backup Support রাখতে হবে।<br>• ই-ফাইলিং কার্যক্রমকে আরও ত্বরান্বিত করার জন্য প্রত্যেক শাখায় মাসে ন্যূনতম টার্গেট সম্পন্ন করার নির্দেশনা দেন তিনি। এছাড়া দুত শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন-কে ই-ফাইলিং শুরু করার নির্দেশনা দেন।<br>• সভায় সহকারী সচিব(প্রশাসন-২) জানান যে, মন্ত্রণালয়ে ব্যবহৃত কম্পিউটারে বিটিসিএল এর দ্রুতগতি সম্পন্ন ব্রডব্যান্ড ইন্টারনেট লাইন সংযোগ প্রদানের জন্য কম্পিউটারের নেটওয়ার্ক ম্যাপ ও ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কম্পিউটার নেটওয়ার্ক ম্যাপ ও ব্যয় প্রাক্কলন মোতাবেক বাজার দর যাচাই-এর কার্যক্রম চলছে। | • মন্ত্রণালয়ের ই-ফাইলিং বিষয়ে ৩জন মাস্টার ট্রেইনার তাদের নিজ নিজ অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা/ একাডেমির ই-ফাইলিং তদারকি করবেন।<br>• ই-ফাইলিং কার্যক্রম আরও গতিশীল ও ত্বরান্বিত করার লক্ষে প্রত্যেক শাখায় নথি ও পত্র জারির ন্যূনতম টার্গেট দিয়ে পত্র দিতে হবে।<br>• মন্ত্রণালয়ে বিটিসিএল এর ইন্টারনেট লাইন সংযোগ প্রদানের বিষয়ে দ্রুত প্রদক্ষেপ নিতে হবে। | • অতি: সচিব (সকল), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ<br>• সহকারী প্রোগ্রামার, মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.২ | মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহের কাজের (দীর্ঘ, মধ্যম ও স্বল্প মেয়াদী) কর্মপরিকল্পনা প্রণয়ন | সভায় বলা হয় অনুবিভাগগুলো থেকে এখনো খসড়া কর্মপরিকল্পনা পাওয়া যায় নাই। সচিব বলেন, এসডিজি, ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, মন্ত্রণালয়ের এপিএ এবং এ্যালোকেশন অব বিজনেস অনুযায়ী খসড়া কর্মপরিকল্পনা সকল অনুবিভাগ-কে প্রণয়ন করতে হবে। | মন্ত্রণালয়ের এপিএ অনুযায়ী অনুবিভাগসমূহের কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক স্ব স্ব অনুবিভাগে জমা দিতে হবে এবং ৩০ সেপ্টেম্বর ২০১৭ তারিখের মধ্যে প্রস্তুতকৃত কর্মপরিকল্পনাসমূহ অনুমোদন দেয়া হবে। | • অতি: সচিব (প্রশা:), মশিবিম।<br>• সকল অনুবিভাগ প্রধানগণ। |
| ৫.৩ | জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ (NCWCD) সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি | সভাপতি শারিরীক ও মানসিক বিকাশ সাধনে ত্রিশোর্ধ মহিলাদের খেলা-ধুলার সুযোগ সৃষ্টির জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে ব্যবস্থা গ্রহণের পরামর্শ দেন। এছাড়া জাতীয় মহিলা সংস্থাকে প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার নির্দেশনা দেন। | • অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে যোগযোগ করে বিষয়টি নিস্পন্ন করবেন।<br>• প্রতি জেলায় মহিলাদের জন্য জিম খোলার বিষয়টি যাচাই করে কার্যক্রম গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মশিবিম।<br>• নির্বাহী পরিচারক, জামস।<br>• উপ-সচিব (সেল) মশিবিম।<br>• সিঃ সহঃ সচিব (সেল), মশিবিম। |
| ৫.৪ | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা | অতিঃসচিব (উন্ন: ও পরিঃ) কে আহবায়ক করে গত ২৩/০৭/২০১৭ তারিখে একটি কমিটি গঠন করা হয়েছে। সভায় জানানো হয় যে, শীঘ্রই কমিটির সভা আহবান করা হবে। | জাতীয় নারী উন্নয়ন নীতি, ২০১১ বাস্তবায়নকল্পে জাতীয় কর্মপরিকল্পনা হালনাগাদপূর্বক চূড়ান্ত করতে হবে। | • অতিঃসচিব (উন্ন: ও পরিঃ), মশিবিম।<br>• সিঃ সহঃ প্রধান (প্লাউ), মশিবিম। |
| ৫.৫ | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা | সভায় উপসচিব (সেল) বলেন, ২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর পর্যন্ত নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালিত হয়। উক্ত সময়ে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষে কর্মশালার আয়োজন করা যেতে পারে। | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষে দ্রুত কর্মশালার আয়োজন করতে হবে। | • উপ-সচিব (সেল), মশিবিম।<br>• প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রকল্প। |
| ৫.৬ | ইনোভেশন | সভায় ইনোভেশন কমিটির সদস্য সচিব ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি অবহিত করেন। তিনি বলেন, রাস্তায় যানবাহনে চলাচলের সময় অসর্তকতায় ওড়না গলায় পেচিয়ে মেয়েদের বিপদের সম্মুখীন হতে হয়। এ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য বিভিন্ন বাসস্ট্যান্ডে বা বহুল জনসমাগম এলাকায় পোস্টার/ সাইনবোর্ড প্রদর্শনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়। সভায় পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি বলেন, বাল্যবিবাহ রোধে সচেতনতা সৃষ্টির লক্ষে বাল্যবিবাহের কুফল নিয়ে প্রচলিত সাপ লুডুর আদলে একটি লুডু খেলা তৈরি করা হচ্ছে। উপসচিব (শিশু)-র সাথে আলোচনা করে বিষয়টি চুড়ান্ত করা হবে। এছাড়া বাল্যবিবাহ প্রবণ এলাকায় চলাচলকারী | • সভায় ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি অবহিত করতে হবে।<br>• বাল্যবিবাহ রোধে ছোট আকারে একটি ভিডিও ক্লিপ তৈরিপূর্বক বাসের টিভিতে এবং সিনেমা হলে প্রদর্শনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র দিতে হবে।<br>• ওড়না ব্যবহারে সাবধানতা, সাপ-লুডু খেলার মাধ্যমে তথ্য প্রচার এবং বাল্যবিবাহ রোধের | • অতিঃসচিব (উন্নয়ন ও পরিঃ), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ।<br>• সিঃ সহঃ প্রধান (পরি-১), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | বাসের গায়ে সচেতনতামূলক পোস্টার/ছবি প্রর্শনের ব্যবস্থা নেয়া হচ্ছে। | অগ্রগতি জানাতে হবে। | |
| ৫.৭ | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) | মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ১০০% বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় ও মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থা/একাডেমিকে পত্র দেয়া হয়েছে। সভাপতি বলেন, গত বছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন লক্ষমাত্রার ৯৫ % বাস্তবায়িত হয়েছিল। ২০১৭-১৮ অর্থ বছরে এ লক্ষমাত্রা ১০০% এ উন্নীত করার জন্য সকলকে সচেষ্ট হওয়ার নির্দেশনা দেন। | মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তাকে সজাগ হতে হবে। মন্ত্রণালয়ের performance চুক্তি অনুযায়ী ১০০% বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট হতে হবে। | • অতিঃসচিব (প্রশাসন) মশিবিম।<br>• উপসচিব(মবিঅ-২), মশিবিম।<br>• সি: সহ: প্রধান(প্লাউ) মশিবিম।<br>• সহঃ সচিব (প্রঃ-২), মশিবিম। |
| ৫.৮ | GRS | সভায় সহকারী সচিব(প্রশাসন-২) জানান যে, মন্ত্রণালয়ে ৬টি অভিযোগের মধ্যে ৫টি অভিযোগ নিস্পত্তি হয়েছে। অবশিষ্ট একটি অভিযোগ তদন্তের জন্য জেলা প্রশাসক, গাজীপুর-কে দায়িত্ব দেয়া হয়েছে এবং তদন্ত রিপোর্ট প্রেরণের জন্য সর্বশেষ গত ২৫/০৭/২০১৭ তারিখে মন্ত্রণালয় থেকে তাগিদপত্র দেয়া হয়েছে। এছাড়া প্রতি মাসে নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। | অভিযোগের তদন্ত প্রতিবেদন দ্রুত আনয়নপূর্বক নিস্পত্তি করতে হবে। প্রাপ্ত অভিযোগসমূহের উপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে অন-লাইনে অভিযোগকারীদেরকে অবহিত করার কার্যক্রম চালু রাখতে হবে। | • যুগ্মসচিব(মবিঅ), মশিবিম।<br>• সহঃ প্রোগ্রামার, মশিবিম।<br>• সহঃ সচিব(প্রঃ-২), মশিবিম। |
| ৫.৯ | অডিট | • গত ২৮/৩/১৭ খ্রিঃ তারিখে অতিঃ সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ে কর্মরত প্রশাসনিক/ ব্যক্তিগত কর্মকর্তাদের অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত বিষয়ে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যপত্র প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিভিল অডিট অধিদপ্তর বরাবর প্রেরণ করা হয়েছে।<br>• বিগত ১৪/০৬/২০১৭ খ্রিঃ তারিখে অতিঃ সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে ইইসিআর প্রকল্পের ১৯টি অডিট আপত্তি নিয়ে বাংলাদেশ শিশু একাডেমিতে এক সভা অনুষ্ঠিত হয়েছে। | • প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় সিভিল অডিট অফিসের সাথে যোগাযোগ করে অডিট আপত্তিসমূহের নিস্পত্তির ব্যবস্থা করবে।<br>• ইইসিআর প্রকল্পের ১৯টি অডিট আপত্তি দ্রুত নিস্পত্তি করতে হবে। | • উপসচিব(বাজেট ও অডিট), মশিবিম।<br>• সহঃ সচিব (অডিট), মশিবিম।<br>• অতিঃ সচিব (প্রশাসন), মশিবিম।<br>• উপসচিব(বাজেট ও অডিট), মশিবিম। |
| ৫.১০ | প্রতি জেলার কার্যক্রম পরিদর্শন | প্রশাসন-১ শাখা কর্তৃক গত ২০/৭/১৭ তারিখে জেলা পর্যায়ের বিভিন্ন কার্যক্রম পরিদর্শনের জন্য কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক অফিস আদেশ জারি করা হয়েছে। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা বলেন, অফিস আদেশে একই অফিসের গুরুত্বপূর্ণ অফিসারদের সমন্বয়ে জেলার কার্যক্রম পরিদর্শনের | • সহকারী প্রোগ্রামারের সহায়তায় প্রকল্প পরিচালকসহ জেলার কর্মকর্তাদের স্কাইপি ইমু, ভাইবার ইত্যাদি অন-লাইন আইডি খুলতে হবে।<br>• প্রকল্প মনিটরিং এর জন্য সহজ ও সংক্ষিপ্ত ছক | • অতিঃসচিব (প্রশাসন), মশিবিম।<br>• উপসচিব(উন্নঃ-২), মশিবিম।<br>• সহকারী প্রোগ্রামার, মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য গ্রুপ করে দেয়া হয়েছে। ফলে ঐ গ্রুপ পরিদর্শনে গেলে অফিসের কাজ কর্মের অচলাবস্থার সৃষ্টি হবে। এসমস্যা সমাধানের জন্য গ্রুপ না করে ব্যক্তি হিসেবে অফিস আদেশ জারী করা যেতে পারে। | প্রণয়ন করতে হবে। | |
| ৫.১১ | শিশু বিকাশ কেন্দ্র আজিমপুর | পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি জানান, শিশু বিকাশ কেন্দ্র, আজিমপুরের জন্য বাড়ি ভাড়ার বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলেও ভাড়া পাওয়া যাচ্ছে না। মিরপুরের দিকে বাসা ভাড়া খোজা হচ্ছে। এ পর্যায়ে সভাপতি বলেন, ৮টি বিভাগে খাস জমি পাওয়া গেলে সেখানে শিশু বিকাশ কেন্দ্রের জন্য স্থায়ী স্থাপনা তৈরি করা হবে। | শিশু বিকাশ কেন্দ্রের বাড়ি ভাড়ার বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। | • অতিঃ সচিব(শিশু), মশিবিম।<br>• পরিচালক, বাশিএ। |
| ৫.১২ | জয়িতা ফাউন্ডেশন এর উদ্যোক্তাদের কে প্রশিক্ষণ প্রদান | ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা সভাকে অবহিত করেন যে, জিরানীতে অবস্থিত শহীদ শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমিতে নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহারের জন্য উক্ত একাডেমির ২টি পরিত্যক্ত পোলট্রি শেড জয়িতা ফাউন্ডেশন কর্তৃক সংস্কার করা হচ্ছে। আগামী ৩মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা যাবে। | দ্রুত নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে। | • মহাপরিচালক, মবিঅ।<br>• ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন। |
| ৫.১৩ | শূণ্য পদ পূরণ ও পদ সৃজন | প্রোগ্রামারের শূন্য পদে নিয়োগের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয় হতে গত ১৬/০৮/২০১৭ তারিখে সুপারিশ পাওয়া যায়। এ বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। | জরুরি ভিত্তিতে প্রোগ্রামারের শূন্য পদে নিয়োগের ব্যবস্থা নিতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহঃসচিব(প্রশাঃ-১), মশিবিম। |
| ৫.১৪ | মন্ত্রণালয়ে গাড়ীর সংখ্যা বৃদ্ধি | • অতিরিক্তি সচিব(প্রশাসন) সভাকে অবহিত করেন যে, অর্থ মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোর খসড়া প্রস্তুত করা হয়েছে। শীঘ্রই অর্থ বিভাগে প্রেরণ করা হবে।<br>• সভাপতি মহিলা বিষয়ক অধিদপ্তরকে শক্তিশালী করার লক্ষে ৬৪ জেলার জেলা কর্মকর্তা ও অধিদপ্তরের জন্য প্রয়োজনীয় সংখ্যক গাড়ী ও অন্যান্য সরঞ্জামাদি সমন্বয়ে একটি প্রকল্প প্রণয়নের পরামর্শ দেন। | • অর্থ বিভাগে যাচিত তথ্য দ্রুত প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরকে শক্তিশালী করার লক্ষে প্রয়োজনীয় সংখ্যক গাড়ী ও অন্যান্য সরঞ্জামাদি সমন্বয়ে একটি প্রকল্প প্রণয়ন করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• মহাপরিচালক, মবিঅ।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম।<br>• সহকারী সচিব (প্রশাঃ-২), মশিবিম। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫.১৫ | মন্ত্রণালয়ের স্থান সংকট | মন্ত্রণালয়ে স্থান সংকটের বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে এবং গত ৯/৫/২০১৭ তারিখে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে একটি বৃহৎ আকারের ফ্লোর অথবা পাশাপাশি দুইটি ফ্লোর মন্ত্রণালয়ের অনুকুলে বরাদ্দ প্রদানের জন্য সরকারি আবাসন পরিদপ্তর-কে অনুরোধ জানানো হয়েছে। | • মন্ত্রণালয়ে স্থান সংকটের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম।<br>• যুগ্মসচিব(প্রশাসন), মশিবিম। |
| ৫.১৬ | জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (NSDC) | এনএসডিসি কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) প্রণয়নের লক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্বল্প ও দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা অনুমোদনের জন্য গত ২০/০৮/২০১৭ তারিখে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়াধীন জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিলে প্রেরণ করা হয়েছে। | বিষয়টি অনুসরণ করতে হবে। | • যুগ্মসচিব(প্রশিক্ষণ), মশিবিম। |
| ৫.১৭ | গণ শুনানী | সভাপতি গণ শুনানীর কার্যক্রম শুরু হওয়ায় সন্তোষ প্রকাশ করেন। | NIS এর কর্মপরিকল্পনা মতে দপ্তর/সংস্থাকে গণশুনানী গ্রহণ করতে হবে। | • অতিরিক্ত সচিব (প্রশাসন),মশিবিম।<br>• উপসচিব (শিশু) মশিবিম।<br>• উপসচিব(উন্ন-২), মশিবিম। |
| ৫.১৮ | বিবিধ | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ মডিউলে NIS, RTI এবং GRS এর বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমির প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্ত করার বিষয়ে ব্যবস্থা নেয়া হচ্ছে।<br><br>(গ) ফরমসমূহ সহজ, তথ্যবহুল, সংক্ষিপ্ত ও হালনাগাদ করার কার্যক্রম চলমান রয়েছে। প্রতিবেদন পাওয়া যায় নি। | মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতিমাসে প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>সেবা সহজীকরণের জন্য উপসিচব (জামস) বিদ্যমান ফর্মসমূহ সংক্ষিপ্ত ও সহজ করবেন। | • অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>• নির্বাহী পরিচালক, জামস।<br>• পরিচালক, বাশিএ<br><br>• যুগ্ম-সচিব (প্রশাসন), মশিবিম<br>• উপসচিব (জামস), মশিবিম<br>• পরিচালক, বাশিএ<br>• অতিঃপরিচালক, মবিঅ। |

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২৬/০৯/২০১৭ খ্রিঃ।
(নাছিমা বেগম, এনডিসি)
সচিব

নং-৩২.০০.০০০০.০৪২.০০৬.০১৩.১৭-২৭৮

তারিখঃ ২৬/০৯/২০১৭ খ্রিঃ।

বিতরণ ঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহিলা বিষয়ক অধিদপ্তর, রাপা প্লাজা (৫ম তলা), ধানমন্ডি, ঢাকা।
৪। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
৬। প্রকল্প পরিচালক, নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম।

২৬/০৯/২০১৭
(কোহিনূর নাহার)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৪১

অনুলিপিঃ

১। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। উপ-সচিব(বাঃ ও অঃ/শিশু/সেল/উন্নঃ-২/মবিঅ-২/শিপ্রায)/উপ-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/ উন্নয়ন ও পরিকল্পনা/শিশু ও সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। যুগ্ম-সচিব (মবিঅ/উন্নয়ন/প্রশাসন/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।